

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

আইটি/এমএম-০১/২০১৯

ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী।


গত ২৮/০১/২০১৯ ইং রোজ সোমবার বিকাল ২:০০ ঘটিকায় ইনোভেশন টিমের জানুয়ারী, ২০১৯ ইং মাসের মাসিক সভা উক্ত টিমের ইনোভেশন অফিসার জনাব মো: মনিরুজ্জামান এজিএম (টিএস) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন অফিসার মহোদয় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

- জনাব মো: কাজী আনোয়ারুল হক ম্যানেজার (ট্রেনিং) ও সদস্য ইনোভেশন টিম
- জনাব মো: কামরুজ্জামান ম্যানেজার (টিএস) ও সদস্য ইনোভেশন টিম
- জনাব মো: সোহরাব হোসেন এ.এম (প্ল্যানিং) ও সদস্য ইনোভেশন টিম
- জনাব মো: ইমরুল আহসান এ.এম (সিডিপি) ও সদস্য ইনোভেশন টিম

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিপিসি তে অনুষ্ঠিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির সভায় আলোচিত বিষয়সমূহ ইনোভেশন টিমের সদস্যবৃন্দেরকে অবহিত করেন। উক্ত সভায় বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো নিয়ে আলোচনা করা হয় এবং নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. দ্রুততম সময়ের মধ্যে ইতিমধ্যে প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বিপিসি ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ই আর এল এর তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা করা;
২. ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বাবদ ৳ ৫,০০,০০০.০০(পাঁচ লক্ষ টাকা) ২০১৮-১৯ সালের সংশোধিত বাজেটে বরাদ্দ রাখার ব্যবস্থা গ্রহণ করা ও ;
৩. ইনোভেশন টিমের কাজের মান ও অগ্রগতি বৃদ্ধির জন্য একজন মেন্টি নিযুক্ত করার লক্ষ্যে ই আর এল এর মহাব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তার নাম বিপিসি তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


29.1.19
(মোঃ কামরুজ্জামান)

ম্যানেজার (টিএস) ও সদস্য সচিব, ইনোভেশন টিম।

বিতরণ: ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।

অনুলিপি: ব্যবস্থাপনা পরিচালক : সদয় অবগতির জন্য।